# গুসকরা মহাবিদ্যালয়

[ন্যাক মূল্যায়িত গ্রেড 'এ' ডিগ্রী কলেজ]

## স্নাতক শ্রেণীতে ভর্তির প্রক্রিয়া সম্পর্কিত প্রয়োজনীয় তথ্য – ২০১৭

## [Choice Based Credit System (C.B.C.S.) with Six Semesters]

১) বর্ধমান বিশ্ববিদ্যালয় উল্লেখিত যে কোন স্বীকৃত বোর্ড/কাউন্সিল থেকে ২০১৭, ২০১৬, ২০১৫ ও ২০১৪ সালে উচ্চমাধ্যমিক বা সমতুল পরীক্ষায় উত্তীর্ণ ছাত্র/ছাত্রী আবেদন করতে পারবে।

২) আবেদনকারীরা কেবলমাত্র অনলাইন (Vide G.O. No. 500-Edn(CS)/10M-95/16 dt. 08.05.2017)-এ গুসকরা মহাবিদ্যালয়ের ওয়েবসাইট (www.guskaramahavidyalaya.org)-এ আবেদন করতে পারবে।

৩) দিবা ও প্রাতঃ প্রতি বিভাগে জেনারেল কোর্সে ফর্ম ফিলাপের রেজিস্ট্রেশন ফি ৫০ টাকা। দিবাবিভাগে অনার্স ও জেনারেল কোর্সে (Combined) ফর্ম ফিলাপের রেজিস্ট্রেশন ফি ১২০ টাকা। দিবা ও প্রাতঃবিভাগে আবেদন করতে হলে পৃথকভাবে করতে হবে।

৪) প্রত্যেক ছাত্র/ছাত্রীকে অনলাইন সাইটে প্রদত্ত সাধারণ তথ্য ও নিয়মাবলী সমন্বিত College Prospectus – 2017 ফর্ম পূরণ করার আগে ভালভাবে দেখে নিতে বলা হচ্ছে।

৫) ফর্ম ফিলাপের রেজিস্ট্রেশন ফি কেবলমাত্র অনলাইন (Debit/Credit Card/Net Banking)-এর মাধ্যমে জমা দিতে হবে।

৬) অনার্স কোর্সে একজন ছাত্র/ছাত্রী সর্বাধিক তিনটি বিষয়ে আবেদন করতে পারবে এবং এর সাথে দিবাবিভাগে জেনারেল কোর্সে আবেদন করা যাবে।

৭) কলাবিভাগের জেনারেল কোর্সে (দিবাবিভাগে) উচ্চমাধ্যমিক বা সমতুল পরীক্ষায় ৪৫ শতাংশ বা তার অধিক নম্বরপ্রাপ্ত উত্তীর্ণ ছাত্রছাত্রীরাই আবেদন করতে পারবে। উচ্চমাধ্যমিক বা সমতুল পরীক্ষায় উত্তীর্ণ ছাত্রছাত্রীরা প্রাতঃবিভাগে জেনারেল কোর্সে আবেদন করতে পারবে।

৮) দিবা বিভাগে বিজ্ঞান শাখায় জেনারেল কোর্সে ভর্তির জন্য উচ্চমাধ্যমিক বা সমতুল পরীক্ষায় অবশ্যই বিজ্ঞানের বিষয়গুলি থাকতে হবে। বাণিজ্য শাখায় জেনারেল কোর্সে ভর্তির জন্য উচ্চমাধ্যমিক বা সমতুল পরীক্ষায় বাণিজ্য বা বিজ্ঞানের বিষয়গুলি থাকতে হবে।

৯) দিবা ও প্রাতঃবিভাগে জেনারেল কোর্সের মেধাতালিকা উচ্চমাধ্যমিক বা সমতুল পরীক্ষায় প্রাপ্ত মোট নম্বরের ভিত্তিতে হবে।

১০) আবেদন করলেই ভর্তি হওয়া যাবে না। মেধাতালিকার ভিত্তিতে ভর্তির সুযোগ দেওয়া হবে।

১১) কলা, বিজ্ঞান ও বাণিজ্য বিভাগে অনার্স পাওয়ার ন্যূনতম যোগ্যতা নিম্নরূপঃ

ক) কলা বিভাগে অনার্সঃ

উচ্চমাধ্যমিক বা সমতুল পরীক্ষায় সর্বাধিক নম্বরপ্রাপ্ত ৫টি বিষয়ের (পরিবেশবিদ্যা বাদে) গড় ৪৫ শতাংশ হতে হবে। এছাড়া যে বিষয়ে অনার্সের জন্য আবেদন করবে সেই বিষয়ে উচ্চমাধ্যমিক বা সমতুল পরীক্ষায় কমপক্ষে ৪৫ শতাংশ নম্বর থাকতে হবে। যদি উচ্চমাধ্যমিক বা সমতুল পরীক্ষায় দর্শন, রাষ্ট্রবিজ্ঞান, ইতিহাস না থাকে তাহলেও আবেদনকারী এই তিনটি বিষয়ে আবেদন করতে পারবে, সেক্ষেত্রে ভাষা বিষয়ের দুটির মধ্যে যেটিতে বেশী নম্বর আছে সেই বিষয়ের নম্বর গণ্য হবে। ভূগোল অনার্সের ক্ষেত্রে উচ্চমাধ্যমিক বা সমতুল পরীক্ষায় ভূগোল বিষয়ে কমপক্ষে ৪৫ শতাংশ নম্বর থাকতে হবে অথবা অন্যান্য শর্ত পূরণ সাপেক্ষে উচ্চমাধ্যমিকে গণিত বিষয়ে কমপক্ষে ৪৫ শতাংশ নম্বর থাকলে তারাও ভূগোল বিষয়ে অনার্সের জন্য আবেদন করতে পারবে।

❖ জেনারেল কোর্সে ভূগোল বিষয়ে কোর কোর্স নিতে হলে উচ্চমাধ্যমিক বা সমতুল পরীক্ষায় ভূগোলে উত্তীর্ণ হতে হবে অথবা গণিত বিষয়ে উত্তীর্ণ হলেই আবেদন করার যোগ্য।

পরের পৃষ্ঠায় ...........

- জেনারেল কোর্সে শারীরশিক্ষা বিষয়ে কোর কোর্স নিতে হলে - উচ্চমাধ্যমিক বা সমতুল পরীক্ষায় শারীরশিক্ষা বিষয়ে উত্তীর্ণ হতে হবে/মহকুমা/জেলা/রাজ্য/জাতীয় স্তরে ন্যূনতম যে কোন একটি ক্ষেত্রে গ্রহনযোগ্য শংসাপত্র থাকতে হবে। এই পদ্ধতিতে যদি নির্দ্ধারিত আসন পূরণ না হয় তাহলে বাকী আসনে ভর্তির জন্য জেনারেল কোর্সে ভর্তি হওয়া ছাত্রছাত্রীদের মধ্যে থেকে শারীরিক সক্ষমতার পরীক্ষার মাধ্যমে পূরণ করা হবে।

খ) বিজ্ঞান বিষয়ে অনার্সঃ

উচ্চমাধ্যমিক বা সমতুল পরীক্ষায় সর্বাধিক নম্বরপ্রাপ্ত ৫টি বিষয়ের (পরিবেশবিদ্যা বাদে) গড় ৪৫ শতাংশ হতে হবে। এছাড়া যে বিষয়ে অনার্সের জন্য আবেদন করবে সেই বিষয়ে উচ্চমাধ্যমিক বা সমতুল পরীক্ষায় কমপক্ষে ৪৫ শতাংশ নম্বর থাকতে হবে। পদার্থবিদ্যা ও রসায়নবিদ্যা অনার্সের ক্ষেত্রে উচ্চমাধ্যমিক বা সমতুল পরীক্ষায় গণিতে কমপক্ষে ৪০ শতাংশ নম্বর থাকতে হবে। পুষ্টিবিদ্যা অনার্সের ক্ষেত্রে উচ্চমাধ্যমিক বা সমতুল পরীক্ষায় রসায়নে উত্তীর্ণ হতে হবে। পুষ্টিবিদ্যায় অনার্স নিতে গেলে পুষ্টিবিদ্যা বা বায়োলজিক্যাল সায়েন্সে ন্যূনতম ৪৫ শতাংশ নম্বর থাকতে হবে।

গ) **বাণিজ্য বিভাগে অনার্সঃ**

উচ্চমাধ্যমিক বা সমতুল পরীক্ষায় সর্বাধিক নম্বরপ্রাপ্ত ৫টি বিষয়ের (পরিবেশবিদ্যা বাদে) গড় ৪৫ শতাংশ হতে হবে এবং একাউন্টেন্সি বিষয়ে অনার্সের জন্য উচ্চমাধ্যমিক বা সমতুল পরীক্ষায় কমপক্ষে ৪৫ শতাংশ নম্বর থাকতে হবে।

ঘ) যারা স্বীকৃত বোর্ড / কাউন্সিল থেকে একটি ভাষা বিষয় সহ সর্বমোট ৪ টি বিষয় (সর্বমোট নম্বর ৪০০ নিয়ে পাশ করেছে) তারাও মহাবিদ্যালয়ে অনার্স বা জেনারেল কোর্সে আবেদন করতে পারবে।

ঙ) বিভাগ পরিবর্তন –

- বিজ্ঞান বিভাগ থেকে কলা/বাণিজ্য বিভাগে অনার্সঃ- উচ্চমাধ্যমিক বা সমতুল পরীক্ষায় সর্বাধিক নম্বরপ্রাপ্ত ৫টি বিষয়ের (পরিবেশবিদ্যা বাদে) গড় ৪৫ শতাংশ হতে হবে। এছাড়া যে বিষয়ে অনার্সের জন্য আবেদন করবে সেই বিষয়ে উচ্চমাধ্যমিক বা সমতুল পরীক্ষায় না থাকলে ভাষা বিষয়ের দুটির মধ্যে যে বিষয়ের নম্বর বেশী আছে সেই বিষয়ের নম্বর (ন্যূনতম ৪৫ শতাংশ) গণ্য হবে।

১২) **ভেরিফিকেশনের সময় নিম্নলিখিত শংসাপত্রগুলির অরিজিনাল দেখাতে হবে**

ক) মাধ্যমিক বা সমতুল পরীক্ষার অ্যাডমিট কার্ড ও মার্কশীট।

খ) উচ্চমাধ্যমিক বা সমতুল পরীক্ষার অ্যাডমিট কার্ড, মার্কশীট, স্কুল লিভিং সার্টিফিকেট

গ) SC/ST/OBC-A/OBC-B/Differently Abled হলে পশ্চিমবঙ্গ সরকারের নির্দিষ্ট দপ্তর প্রদত্ত সংরক্ষণ শংসাপত্র কেবলমাত্র গ্রাহ্য হবে।

ঘ) জেনারেল কোর্সে শারীরশিক্ষা বিষয়ে কোর কোর্স নিতে হলে - উচ্চমাধ্যমিক বা সমতুল পরীক্ষায় শারীরশিক্ষা বিষয়ে উত্তীর্ণ হতে হবে/মহকুমা/জেলা/রাজ্য/জাতীয় স্তরে ন্যূনতম যে কোন একটি ক্ষেত্রে গ্রহণযোগ্য শংসাপত্র আনতে হবে।

**উপরোক্ত নথিপত্রগুলির স্বপ্রত্যয়িত ফোটোকপিও আবেদনপত্রের সাথে জমা দিতে হবে।**

১৩) আবেদনকারীদের খুব সতর্কতার সাথে অনলাইন ফর্ম পূরণ করতে হবে। ফাইন্যাল সাবমিশনের আগে ফর্মে দেওয়া তথ্যগুলি ভাল করে দেখতে হবে। নির্দিষ্ট সময়ের মধ্যে সঠিক ফি জমা না দিলে আবেদনপত্র বাতিল হয়ে যাবে।

১৪) আবেদনকারীদের তথ্যে কোন ভুল থাকলে যে কোন সময় তাদের আবেদনপত্র অথবা ভর্তি বাতিল করা হবে। প্রদত্ত অর্থ ফেরত দেওয়া হবে না।

১৫) ভোকেশনাল কোর্সের উচ্চমাধ্যমিক বা সমতুল পরীক্ষায় উত্তীর্ণ ছাত্রছাত্রীরা ৬৫ শতাংশ বা তার বেশী নম্বর পেয়ে থাকলেই দিবাবিভাগে জেনারেল কোর্সে ভর্তির জন্য আবেদন করতে পারবে। ৬৫ শতাংশের কম নম্বরপ্রাপ্তদের প্রাতঃবিভাগে আবেদন করতে হবে।

Gushkara Mahavidyalaya Estd.-1965 Gushkara, Burdwan

30/5/2017

**অধ্যক্ষ**

গুসকরা মহাবিদ্যালয়

Principal
Gushkara Mahavidyalaya